



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা  
[www.doict.gov.bd](http://www.doict.gov.bd)

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৫১.২৪-৩৮২

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
১০ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

### বিষয়: 'স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৪' এর জন্য মনোনয়ন/আবেদনপত্র আহ্বান।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে 'স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৪' প্রদানের নিমিত্ত মনোনয়ন/আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। মনোনয়ন/আবেদনপত্র দাখিল, যাচাই-বাছাই ও মূল্যায়নের তফসিল নিম্নরূপঃ

পর্যায়	সময়সীমা
আবেদন আহ্বান	১১ জুলাই ২০২৪
জেলা এবং জাতীয় পর্যায়ে অনলাইনে আবেদন দাখিল	১১ জুলাই - ১১ আগস্ট ২০২৪
জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই	১২ আগস্ট - ৩১ আগস্ট ২০২৪
কেন্দ্রীয় কমিটি কর্তৃক জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত বাছাইকৃত আবেদনসমূহ মূল্যায়নপূর্বক সুপারিশ প্রদান	০১ সেপ্টেম্বর - ২০ সেপ্টেম্বর ২০২৪
সুপারিশকৃত আবেদনসমূহ 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র নিকট প্রেরণ	২১ সেপ্টেম্বর - ১০ অক্টোবর ২০২৪
স্মার্ট বাংলাদেশ পুরস্কার প্রদান	১২ ডিসেম্বর ২০২৪

২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী পূর্ববর্তী সর্বাধিক ০১ (এক) ক্যালেন্ডার বছর অর্থাৎ জানুয়ারি ২০২৩-ডিসেম্বর ২০২৩ এর কর্মকান্ড বিবেচনাপূর্বক স্মার্ট বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২৩ এবং ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনাবলীসহ নিম্নোক্ত শর্ত/নির্দেশনাবলী প্রতিপালন সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

#### শর্ত/নির্দেশনাবলী:

- 'স্মার্ট বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২৩' অনুসারে আবেদন দাখিল করতে হবে। বিশেষতঃ এ নীতিমালার ৮ এবং ১০ নম্বর অনুচ্ছেদে বর্ণিত মনোনয়ন ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- কোন ব্যক্তি, দল বা প্রতিষ্ঠান কোন উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান ইত্যাদির জন্য জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত হলে ঐ একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান এর জন্য স্মার্ট বাংলাদেশ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
- জেলা বাছাই কমিটি সকল ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করতঃ গ্রহণযোগ্য আবেদনসমূহ কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে।
- অনলাইনে [www.award.smartbangladesh.gov.bd](http://www.award.smartbangladesh.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। এছাড়াও স্মার্ট বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২৩, মনোনয়ন ছক এবং এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনাবলী [www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd) এবং [www.doict.gov.bd](http://www.doict.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।
- পুরস্কার সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ হাবিবুর রহমান

অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ও

সদস্য সচিব

কেন্দ্রীয় বাছাই কমিটি, স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৪  
+৮৮-০২-৪১০২৪০৪১